গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
প্রশিক্ষণ ও শারীরিক শিক্ষা শাখা
গাইড হাউস, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৩.৯৯.০০৪.২৬-০৫

তারিখ: ০৬ শ্রাবণ, ১৪৩৩ বঙ্গাব্দ
২১ জুলাই ২০২৬ খ্রি.

বিষয়ঃ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের উদ্যোগে ক্রীড়া পরিদপ্তরের আয়োজনে নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৫-২০২৬ এর সমাপনী অনুষ্ঠানটি যথাযথ মর্যাদায় আয়োজনের লক্ষ্যে আয়োজিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্রঃ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ১৩ জুলাই ২০২৬ খ্রি. তারিখে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন ঢাকা মহানগরের অন্তর্ভুক্ত সকল দাখিল পর্যায়ের মাদ্রাসা প্রধানকে সংযুক্ত কার্যবিবরণীর ৩.১.৫ অংশটুকু প্রতিপালনপূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণণামতে-০৩ (তিন) পৃষ্ঠা।

২১/৭/২৬
মোঃ চাঁদ মিয়া
উপ-পরিচালক (প্রশিক্ষণ)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

সুপার (ঢাকা মহানগরের অন্তর্ভুক্ত সকল দাখিল মাদ্রাসা)

বিতরণ:
১। জেলা শিক্ষা অফিসার, ঢাকা
২। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার...(ঢাকা মহানগরের অন্তর্ভুক্ত)
} তার আওতাধীন সকল মাদ্রাসায় উল্লিখিত নির্দেশনা অনুসরণ করার অনুরোধসহ।

সদয় অনুলিপি:
১। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

CamScanner

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
ক্রীড়া-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

**যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের উদ্যোগে ক্রীড়া পরিদপ্তরের আয়োজনে নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৫-২০২৬ এর সমাপনী অনুষ্ঠানটি যথাযথ মর্যাদায় আয়োজনের লক্ষ্যে আয়োজিত আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মাহবুব-উল-আলম<br>সচিব |
| সভার তারিখ | ১৩.০৭.২০২৫ খ্রি. |
| সভার সময় | বেলা- ১২.০০ টায় |
| স্থান | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সভাকক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

সভাপতি সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভাকে জানান যে, সরকারের নির্বাচনী ইশতেহার অনুযায়ী দেশের ক্রীড়া উন্নয়নে তৃণমূল পর্যায়ে ১২-১৪ বছর বয়সী শিশু-কিশোরদের মধ্য থেকে প্রতিভাবান খেলোয়াড় খুঁজে বের করে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে দক্ষ ক্রীড়াবিদ হিসাবে গড়ে তোলার লক্ষ্যে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় 'নতুন কুঁড়ি স্পোর্টস' নামে দেশব্যাপী প্রতিযোগিতামূলক কর্মসূচি গ্রহণ করেছে। এ কর্মসূচির মাধ্যমে দেশের তৃণমূল পর্যায় থেকে ১২-১৪ বছর বয়সী প্রতিভাবান ক্রীড়া শিক্ষার্থীদের সনাক্তকরণ, বাছাই, প্রশিক্ষণ ও বৃত্তি প্রদানের মাধ্যমে ভবিষ্যৎ জাতীয় ও আন্তর্জাতিকমানের খেলোয়াড় তৈরি করার সুযোগ সৃষ্টি হবে।

০২। সভায় উল্লেখ করা হয় যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক 'নতুন কুঁড়ি স্পোর্টস' কর্মসূচি ০২ মে ২০২৬ তারিখ সিলেট জেলা স্টেডিয়ামে শুভ উদ্বোধনের বিষয়ে মধ্য দিয়ে সারাদেশে একযোগে এ কর্মসূচির কার্যক্রম শুরু হয়েছে। ইতোমধ্যে উক্ত কর্মসূচির আঞ্চলিক পর্যায়ে প্রতিযোগিতা সম্পন্ন হয়েছে। জাতীয় পর্যায়ের চূড়ান্ত প্রতিযোগিতা আগামী ১৮ জুলাই ২০২৬ তারিখ থেকে ঢাকায় অনুষ্ঠিত হবে। মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে আগামী ২৭ জুলাই ২০২৬ তারিখ বাংলাদেশ আর্মি স্টেডিয়াম, ঢাকায় 'নতুন কুঁড়ি স্পোর্টস-২০২৬' এর সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হতে যাচ্ছে। উক্ত অনুষ্ঠানটি যথাযথ মর্যাদায় আয়োজনের লক্ষ্যে সভায় বিস্তারিত আলোচনা হয়।

৩.০। **বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:**

৩.১। বাংলাদেশের ক্রীড়া উন্নয়নে সরকারের পরিকল্পনার অংশ হিসাবে নতুন কুঁড়ি স্পোর্টস- ২০২৫-২০২৬' সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানটি যথাযথ মর্যাদায় আয়োজনের লক্ষ্যে নিম্নরূপভাবে সিদ্ধান্ত গৃহীত হলো:

| ক্র: নং | প্রাসঙ্গিক কার্যক্রম | বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ |
|---|---|---|
| ৩.১.১ | 'নতুন কুঁড়ি স্পোর্টস, ২০২৫-২০২৬ এর বাংলাদেশ আর্মি স্টেডিয়ামে অনুষ্ঠেয় সমাপনী অনুষ্ঠানের ভেন্যুর নিরাপত্তা নিশ্চিতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ; | স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| ৩.১.২ | নতুন কুঁড়ি স্পোর্টস- ২০২৫-২০২৬' সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানটি যথাযথ মর্যাদায় আয়োজনের লক্ষ্যে প্রয়োজনীয় বাজেট অনুমোদনসহ যথাসময়ে অর্থ ছাড়করণের ব্যবস্থা গ্রহণ; | অর্থ বিভাগ ও যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাজেট শাখা |
| ৩.১.৩ | নতুন কুঁড়ি স্পোর্টস- ২০২৫-২০২৬' সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানটি যথাযথ মর্যাদায় আয়োজনের লক্ষ্যে ঢাকা শহরে বিলবোর্ডে এ কর্মসূচির প্রচারণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ; | স্থানীয় সরকার বিভাগ ও সকল সিটি কর্পোরেশন |



CamScanner

| | | |
|---|---|---|
| ৩.১.৪ | মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৫-২৬ এর সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানকে সফল করতে অগ্নি নির্বাপন ব্যবস্থা, নিরবচ্ছিন্ন বিদ্যুৎ ও ইন্টারনেট সরবরাহ, অ্যাম্বুলেন্স মেডিকেল টিম, আইসিটি ও কারিগরি সহায়তা, ভেন্যু প্রস্তুতি, পরিষ্কার-পরিচ্ছন্নতা বিষয়ক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ; | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, বিদ্যুৎ বিভাগ, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ ও ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিটি কর্পোরেশন, ঢাকা। |
| ৩.১.৫ | মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৫-২৬ এর সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানকে উৎসবমুখর, প্রাণবন্ত ও সাফল্যমন্ডিত করতে ঢাকা মহানগরে অবস্থিত মাধ্যমিক পর্যায়ের ৪০টি শিক্ষা প্রতিষ্ঠানের ০৮ হাজার শিক্ষার্থীর স্বত:স্ফূর্তভাবে স্কুল ড্রেসে উক্ত অনুষ্ঠানে অংশগ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,<br>মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর ও মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, বিভাগীয় কমিশনার, ঢাকা ও জেলা প্রশাসক, ঢাকা |
| ৩.১.৬ | মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৫-২৬ এর সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানকে সফল করতে প্রচার-প্রচারণার মাধ্যমে সকলকে অবগত করা এবং অনুষ্ঠিতব্য প্রোগ্রাম সরকারি/বেসরকারি চ্যানেলে সরাসরি সম্প্রচারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ; | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ও বাংলাদেশ টেলিভিশন |
| ৩.১.৭ | মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৫-২৬ এর সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানকে সফল করতে স্বাস্থ্য/মেডিক্যাল টিম গঠনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ; | স্বাস্থ্য সেবা বিভাগ,<br>যুব ও ক্রীড়া মন্ত্রণালয় ও<br>ক্রীড়া পরিদপ্তর |
| ৩.১.৮ | নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৫-২৬ এর সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানকে উৎসবমুখর ও প্রাণবন্ত করতে ঢাকা মহানগরের মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের স্বত:স্ফূর্তভাবে স্কুল ড্রেসে অংশগ্রহণ ও তাদের প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদানের নিমিত্ত ০৬ সদস্য (যুগ্মসচিব, জিপিএমএস অধিশাখা, আহবায়ক; অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা); উপপরিচালক (শারীরিক শিক্ষা), মাউশি; ঢাকা মেট্রোপলিটন পুলিশের একজন প্রতিনিধি, উপসচিব (সমন্বয় ও আইন অধিশাখা) ও জেলা ক্রীড়া অফিসার, ঢাকা, সদস্য-সচিব) বিশিষ্ট একটি কমিটি গঠনের কার্যক্রম গ্রহণ করতে হবে। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়,<br>মাধ্যমিক ও উচ্চ শিক্ষা<br>অধিদপ্তর, ডিএমপি ও<br>ক্রীড়া পরিদপ্তর,<br>জেলা ক্রীড়া অফিসার, ঢাকা |

৩.২। নতুন কুঁড়ি স্পোর্টস- ২০২৫-২০২৬' সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানটি যথাযথ মর্যাদায় আয়োজনের লক্ষ্যে প্রয়োজনীয় মাঠ প্রস্তুত, প্রচার-প্রচারণা, নিরাপত্তা নিশ্চিতকরণ, প্রতিযোগিতার মাঠ ও ভেন্যু দ্রুত খেলার উপযোগীকরণ, সকল শিক্ষা প্রতিষ্ঠান ও সামাজিক পর্যায়ে ব্যাপক প্রচারণার কার্যক্রম গ্রহণে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।

৪.০। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৫-০৭-২০২৬
মোঃ মাহবুব-উল-আলম
সচিব

নম্বর: ৩৪.০০.০০০০.০০০.০৮০.৯৯.০০১৬.২৬

তারিখ: ৩০ আষাঢ় ১৪৩৩
১৪ জুলাই ২০২৬

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



CamScanner

৫। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। ভারপ্রাপ্ত সচিব, সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, সাভার, ঢাকা।
৮। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৯। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
১০। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
১১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
১২। মহাপরিচালক ((অতিরিক্ত সচিব) (অতিরিক্ত দায়িত্ব ), মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
১৩। অ্যাডিঃ আইজিপি (রুটিন দায়িত্ব), অ্যাডিশনাল আইজিপি (ফিন্যান্স), পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
১৪। অতিরিক্ত সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা।
১৬। যুগ্মসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন, ঢাকা।
১৮। নির্বাহী পরিচালক, জাতীয় ক্রীড়া পরিষদ, পুরানা পল্টন, ঢাকা।
১৯। পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, আদমজী কোর্ট এনেক্স-২ ভবন, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।
২০। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।
২১। উপসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২২। সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার (প্রেস) (রুটিন দায়িত্ব), সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার (প্রেস শাখা), তথ্য অধিদপ্তর, ঢাকা।
২৩। সিনিয়র সহকারী সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৪। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৫। জনসংযোগ কর্মকর্তা, প্রতিমন্ত্রীর দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
২৬। সহকারী পরিচালক (প্রশাসন/সংগঠন), ক্রীড়া পরিদপ্তর, আদমজী কোর্ট এনেক্স-২ ভবন, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।
২৭। জেলা ক্রীড়া অফিসার, ঢাকা/ময়মনসিংহ।

১৫-০৭-২০২৬
মুঃ গোলাম মোস্তফা
উপসচিব



CamScanner